# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 27 April, 2025

ক্যামেরার লেন্স চুরির অভিযোগ প্রমাণিত হওয়ায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) আইন বিভাগের দুই শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।বহিষ্কৃতরা হলেন ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আনাস আহমেদ ও শামীম ভূঁইয়া।রোববার (২৭ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ডের সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মো. আব্দুল হাকিম।

তিনি জানান, আনাস আহমেদকে এক বছরের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার এবং তার আবাসিক হলের সীট বাতিল করা হয়েছে।অন্যদিকে, শামীম ভূঁইয়াকে সাময়িকভাবে বহিষ্কারের সুপারিশ করা হয়েছে।তাঁর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে আগামীকাল সিন্ডিকেট সভায় আলোচনা করা হবে।

প্রক্টর অধ্যাপক ড. মো. আব্দুল হাকিম বলেন, "গণমাধ্যমে আনাস আহমেদ সংক্রান্ত সংবাদ প্রকাশের কারণে বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুন্ন হয়েছে।তদন্তে তার চুরির সত্যতাও মিলেছে। তাই তাকে এক বছরের জন্য বহিষ্কার এবং হল থেকে অপসারণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শামীম ভূঁইয়ার ব্যাপারে শৃঙ্খলা বোর্ড বহিষ্কারের সুপারিশ করেছে, যা সিন্ডিকেটে অনুমোদন হবে।"

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মুহাম্মদ আনোয়ার হোসেন বলেন, "শৃঙ্খলা বোর্ডের সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য সিন্ডিকেট সভায় উপস্থাপন করা হবে।এখনো চূড়ান্ত স্বাক্ষর হয়নি।"

উল্লেখ্য, কুমিল্লার একটি অভিজাত হোটেল থেকে ক্যামেরার লেন্স চুরির ঘটনায় আনাস ও শামীমের সংশ্লিষ্টতা সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে নিশ্চিত হওয়া যায়।ঘটনার পর ২৫ এপ্রিল রাতে ক্যাম্পাসে কয়েকজন বহিরাগত এসে আনাস আহমেদকে মারধর করেন।

কুমিল্লা বিশ্ববিদ্যালয় ক্যামেরা শিক্ষার্থী প্রক্টর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 17:21

URL: https://www.timestodaybd.com/campus/1534366963